# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**পৌরনীতি ও সুশাসন প্রথম পত্র** বিষয় কোড: | ২ | ৬ | ৯ |

**সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট** **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*


১.▶ জবা উচ্চ মাধ্যমিকের ছাত্রী। সে তার পাঠ্যবিষয় হিসেবে দুটি গুরুত্বপূর্ণ বিষয়কে নির্বাচন করেছে। যার প্রথমটি রাষ্ট্রের একজন নাগরিক হিসেবে ব্যক্তির কার্যাবলি ও অধিকার সম্পর্কে আলোচনা করে, আর অপরটি কিভাবে একজন নাগরিক আয় ও ব্যয়ের সঠিক জ্ঞান লাভের মাধ্যমে জীবনকে সমৃদ্ধ করা যায় তার শিক্ষা দেয়।

ক. পৌরনীতি সম্পর্কেই ই.এম. হোয়াইট প্রদত্ত সংজ্ঞাটি লেখ। ১
খ. পৌরনীতিকে কেন নাগরিকতা বিষয়ক বিজ্ঞান বলা হয়? ২
গ. উদ্দীপকে নির্দেশিত প্রথম বিষয়টি অধ্যয়নের গুরুত্ব ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয় দুটি পরস্পর গভীরভাবে সম্পর্কযুক্ত— বিশ্লেষণ কর। ৪

২.▶ ১৯৫২ সালের ভাষা আন্দোলনে সৃষ্ট ভাষা ও সংস্কৃতিভিত্তিক জাতীয়তাই হলো বাঙালি জাতীয়তাবাদ। এ জাতীয়তাবাদী চেতনাই ছিল এদেশের সকল আন্দোলন ও সংগ্রামের প্রেরণা শক্তি। বহু ত্যাগ ও রক্তের বিনিময়ে আমরা ১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে যে স্বাধীনতা অর্জন করেছি তার মূলে ছিল জাতীয়তাবাদী চেতনা।

ক. Natio এবং Natus শব্দের অর্থ কী? ১
খ. জাতীয়তার একটি প্রামাণ্য সংজ্ঞা নির্দেশ কর। ২
গ. জাতি গঠনে ভাষার গুরুত্ব বাংলাদেশের প্রেক্ষাপট উল্লেখপূর্বক ব্যাখ্যা কর। ৩
ঘ. 'মহান মুক্তিযুদ্ধে স্বাধীনতা অর্জন বাঙালি জাতীয়তাবাদের ফসল'— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৩.★




https://teachingbd24.com

ক. বিশ্বব্যাংকের মতে সুশাসনের সূচক কয়টি? ১
খ. আইনের শাসন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের বিষয়টি চিহ্নিত করে উক্ত বিষয়টি প্রতিষ্ঠায় প্রতিবন্ধকতাগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়টি প্রতিষ্ঠায় নাগরিক ও সরকারের করণীয়গুলো বিশ্লেষণ কর। ৪

৪.▶ পৃথিবীতে অনেক উন্নয়নশীল দেশের মধ্যে বাংলাদেশ একটি। যেখানে বহুবিধ সমস্যা থাকা সত্ত্বেও রাষ্ট্রের সরকার জনকল্যাণ ও সুশাসন প্রতিষ্ঠার প্রতি গুরুত্ব আরোপ করে চলেছে। সরকারি ও বেসরকারি সকল স্তরে তথ্যপ্রযুক্তির যথাযথ ব্যবহার ও প্রয়োগের ওপর জোর প্রচেষ্টা চালাচ্ছে। সরকার তথ্যপ্রযুক্তির প্রসারের লক্ষ্যে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাপটপ বিতরণ করছে।

ক. G2C দ্বারা ই-গভর্নন্সের কোন মডেলকে বোঝায়? ১
খ. ই-সেবা বলতে কী বোঝায়? ২
গ. বাংলাদেশ সরকার কী প্রতিষ্ঠার ওপর গুরুত্ব আরোপ করছেন? ব্যাখ্যা কর।৩
ঘ. বাংলাদেশ সরকারের গৃহীত কার্যক্রম বাস্তবায়নে কী কী পদক্ষেপ নেয়া উচিত বলে তুমি মনে কর? তোমার মতামত দাও। ৪

৫.▶ "ক" রাষ্ট্রটি ৫০টি অঙ্গরাজ্য নিয়ে গঠিত। কেন্দ্রীয় সরকারের পাশাপাশি অঙ্গরাজ্যগুলো সরকারি ও নিজ নিজ ক্ষেত্রে স্বাধীনভাবে রাজ্য পরিচালনা করে। অপরদিকে "খ" রাষ্ট্রটিতে একটি কেন্দ্র থেকেই সরকার রাষ্ট্রপরিচালনা করে থাকে এবং অঙ্গরাজ্যগুলোর কোন শাসন ক্ষমতা থাকে না।


ক. বাংলাদেশের আইনসভার নাম কী? ১
খ. সংসদীয় সরকারব্যবস্থা বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের আলোকে "ক" রাষ্ট্রটির সরকারব্যবস্থা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে "ক" ও "খ" রাষ্ট্র দুটির সরকারব্যবস্থার তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৬.★ জনাব আলম বাংলাদেশের একজন রাজনৈতিক ব্যক্তিত্ব। তিনি একটি দলের নেতৃত্বে কাজ করেন কিন্তু বর্তমানে রাজনৈতিক পরিবর্তনের প্রেক্ষাপটে এদেশে বাস করা নিরাপদ মনে না করায় কানাডায় রাজনৈতিকভাবে আশ্রয় গ্রহণ করেন। তিনি সেখানে সামাজিক ও অর্থনৈতিক অধিকার ভোগ করেন।

https://teachingbd24.com

ক. কর্তব্য কী? ১
খ. রাজনৈতিক অধিকার বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের জনাব আলম কোন অধিকার বলে কানাডায় বসবাস করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত অধিকারের সাথে মৌলিক অধিকারের তুলনামূলক আলোচনা কর। ৪

৭.▶




ক. পৌরনীতির ভাষায় সাম্য কী? ১
খ. মূল্যবোধ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের '?' চিহ্নিত বিষয়টি কী? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের '?' চিহ্নিত বিষয়টিকে স্বাধীনতার প্রধান রক্ষাকবচ বলার কারণ বিশ্লেষণ কর। ৪

৮.▶ 'ক' রাষ্ট্রের সরকারের একটি বিভাগ খাদ্যে ভেজাল প্রতিরোধের জন্য আইন করে। এই বিভাগটি প্রতি অর্থবছরের শুরুতেই সরকারের আয়-ব্যয় নির্ধারণ করে দেয়। দেশ ও জাতির প্রয়োজনে উদ্ভূত পরিস্থিতির প্রেক্ষাপটে বিভাগটি এ পর্যন্ত ১৭ বার সে দেশের সংবিধান সংশোধন করেছে।

ক. এরিস্টটল কয়টি নীতির ওপর ভিত্তি করে সকারের শ্রেণিবিভাগ করেছেন? ১
খ. ক্ষমতা স্বতন্ত্রীকরণ নীতি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে 'ক' রাষ্ট্রের সরকারের বিভাগটির সাথে তোমার পঠিত সরকারের কাঠামোর কোন বিভাগের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিভাগটির ক্ষমতা দিন দিন কমে যাচ্ছে? বিশ্লেষণ কর।৪

৯.★ আধুনিক প্রতিনিধিত্বমূলক গণতন্ত্রে জনমতের ভূমিকা সম্পর্কে আলোচনা করতে গিয়ে অধ্যাপক মাজহার ছাত্র-ছাত্রীদের বললেন, সাধারণ অর্থে সংখ্যাগরিষ্ঠের মতামতকে জনমত বলা হয়। কিন্তু পৌরনীতি ও সুশাসনে সকল মতামতই জনমত নয়। তাসিন নামক একজন ছাত্র বলল যে, তাহলে কোন

Teachingbd24.com

https://teachingbd24.com

মতকে জনমত বলা যাবে? তিনি বললেন যে, সুষ্ঠু ও সচেতন জনমত গণতন্ত্রের প্রাণ। জনমত গঠনে বেশ কিছু মাধ্যম বা বাহন রয়েছে।

ক. কিম্বল ইয়ং প্রদত্ত জনমতের সংজ্ঞাটি লেখ। ১

খ. রাজনৈতিক সংস্কৃতি বলতে কী বুঝ? ২

গ. জনমত গঠনে রাজনৈতিক দলের ভূমিকা কতটুকু? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. "সুষ্ঠু ও সচেতন জনমত গণতন্ত্রের প্রাণ"— উদ্দীপকের উল্লিখিত বাক্যটি মূল্যায়ন কর। ৪

১০. ▶ কবির একটি সংগঠনের সদস্য। উক্ত সংগঠনের সদস্যরা গোষ্ঠীবদ্ধ, কিন্তু তারা নির্দিষ্ট স্বার্থ হাসিলের উদ্দেশ্যেই একত্রিত হয়। তাদের উদ্দেশ্য দল গঠন নয়, ক্ষমতা গ্রহণ নয়। অনেকে এই গোষ্ঠীকে স্বার্থান্বেষী গোষ্ঠী হিসেবেও গণ্য করে থাকেন। অপরদিকে কামাল অন্য একটি সংগঠনের সদস্য যার উদ্দেশ্য জনসমর্থন নিয়ে ক্ষমতায় যাওয়া।

ক. নেতৃত্ব কী? ১

খ. রাজনৈতিক সংস্কৃতি বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে উল্লিখিত গোষ্ঠীর সাথে তোমার পঠিত কোন কোন গোষ্ঠীর মিল রয়েছে? তাদের মধ্যে পার্থক্য ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত কবিরের গোষ্ঠী দেশের সরকারি-বেসরকারি উভয় ক্ষেত্রে সিদ্ধান্তে প্রভাব বিস্তার করে থাকে— বিশ্লেষণ কর। ৪

১১. ★ মুন ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পাস করে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক নিয়োগপ্রাপ্ত হন। বর্তমানে তিনি মন্ত্রণালয়ের একটি অধিদপ্তরের প্রধান হিসেবে দায়িত্ব পালন করছেন। তিনি তার যোগ্যতা ও অভিজ্ঞতার আলোকে সরকারের মন্ত্রীদেরকে নীতি নির্ধারণের ক্ষেত্রে সহায়তা করেন।

ক. আমলা শব্দ কোন ভাষা থেকে উদ্ভব হয়েছে? ১

খ. জনসেবা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত মুনের মতো নিয়োগপ্রাপ্তদের একত্রে কী বলা হয়? তাদের বৈশিষ্ট্যগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত মুনের কাজটি ব্যতীত আমলাতন্ত্রের আরো অনেক কাজ রয়েছে— বিশ্লেষণ কর। ৪

https://teachingbd24.com

# পৌরনীতি ও সুশাসন প্রথম পত্র বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ২ | ৬ | ৯ |

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ★ The Philosophy of Citizensip গ্রন্থটির লেখক কে?
ক gloud খ E M White
গ Socretis ঘ Aristotie

২. পৌরনীতি কোন বিজ্ঞানের শাখা?
ক ভৌত খ অজৈব বিজ্ঞান
গ বিজ্ঞান ঘ প্রাণবিজ্ঞান

৩. 'মানুষ সামাজিক ও রাজনৈতিক জীব' উক্তিটি কার—
ক প্রেটো খ রুশো
গ সক্রেটিস ঘ এরিস্টটল

৪. সুশাসন প্রত্যয়টি কত সালে সর্বপ্রথম ব্যবহার করা হয়?
ক ১৯৮৮ খ ১৯৮৯
গ ১৯৯৮ ঘ ১৯৯৯

নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও:
নারী শ্রমিক রহিমা কর্মক্ষেত্রে সমান শ্রম দেয়া সত্ত্বেও পুরুষ শ্রমিক মিলনের থেকে কম পারিশ্রমিক পান। এটা রহিমার প্রতি এক ধরনের বৈষম্য। আইনের সঠিক প্রয়োগের হলে রহিমা এ বঞ্চনার শিকার হতো না।

৫. রহিমা কোন ধরনের সাম্য থেকে বঞ্চিত হচ্ছে?
ক রাজনৈতিক খ আইনগত
গ অর্থনৈতিক ঘ সামাজিক

৬. উক্ত সাম্য—
i. গণতন্ত্রের প্রতিবন্ধক
ii. ন্যায়ভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় সহায়ক
iii. ব্যক্তির বিকাশে সহায়ক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৭. ★ কোনটি সমাজজীবন ন্যায়বিচার প্রতিষ্ঠা করে?
ক প্রথা খ মূল্যবোধ
গ নৈতিকতা ঘ লোকরীতি

৮. কোনটি সকলের জন্য বাধ্যতামূলক?
ক নৈতিকতা খ প্রথা
গ সাম্য ঘ আইন

৯. নিচের কোনটি স্বাধীনতাকে অর্থবহ করে তোলে?
ক সুশীল সমাজ খ ধর্ম
গ আমলাতন্ত্র ঘ সাম্য

১০. ★ অপরাধীকে শাস্তি দেওয়ার জন্য কোন আইন প্রয়োগ—
ক আন্তর্জাতিক খ ফৌজদারি
গ সাংবিধানিক ঘ দেওয়ালি

১১. বাংলাদেশে সাইবার অপরাধের ফলে সৃষ্ট জালিয়াতি—
i. ই-মেইল হুমকি
ii. হ্যাকিং
iii. ক্রেডিট কার্ড জালিয়াতি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১২. কোনটি সামাজিক অধিকার?
ক সম্পত্তি লাভের অধিকার
খ কর্মের অধিকার
গ আবেদন করার অধিকার
ঘ নির্বাচনে অংশগ্রহণ

১৩. ★ আবেদনকৃত তথ্য প্রাপ্তিতে ব্যর্থ হলে আবেদনকারী কত দিনের মধ্যে আপিল করতে পারবে?
ক ১৫ দিন খ ২৫ দিন
গ ২০ দিন ঘ ৩০ দিন

১৪. নিচের কোনটি রাজনৈতিক দলের কাজ নয়?
ক সরকার গঠন
খ জনমত গঠন
গ গোষ্ঠী স্বার্থ উদ্ধার
ঘ প্রার্থী মনোনয়ন

১৫. চাপসৃষ্টিকারী গোষ্ঠীর—
ক সুনির্দিষ্ট আদর্শ আছে
খ জনসমর্থন আছে
গ রাষ্ট্রীয় ক্ষমতা দখলের অভিপ্রায়
ঘ কোন স্বার্থ নেই

https://teachingbd24.com

১৬. রাজনৈতিক দল কিসের ভিত্তিতে কর্মসূচি প্রণয়ন করে?
ক) সরকারি সিদ্ধান্ত
খ) কয়েকজনের সিদ্ধান্ত
গ) দলীয় মতাদর্শ
ঘ) ব্যক্তিগত স্বার্থ

১৭. 'সরকার হলো একটি প্রতিষ্ঠান বা যন্ত্র যার মাধ্যমে রাষ্ট্র তার ইচ্ছাকে গঠন ও কার্যকর করে' উক্তিটি কার?
ক) গেটেল   খ) উইলোবী
গ) গার্নার   ঘ) প্লেটো

১৮. ★ সংসদীয় সরকারে শাসন বিভাগ কার নিকট দায়ী?
ক) আইন পরিষদ   খ) বিচার বিভাগ
গ) সচিবালয়   ঘ) দুদক

১৯. The Spirit Of Law বইটির লেখক কে?
ক) গেটেল   খ) প্লেটো
গ) ম্যাসিলিও   ঘ) মন্টেস্কু

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:

দীপ্ত ও রাসেল সরকার কাঠামো নিয়ে আলোচনা করছিল। দীপ্ত বলে ব্যক্তিস্বাধীনতা রক্ষার জন্য সরকারের ক্ষমতা পৃথক করা উচিত। রাসেল বলে বাস্তবে একে পৃথক করা সম্ভব নয়। এক বিভাগ কোনো না কোনোভাবে অন্য বিভাগের ওপর নির্ভরশীল।

২০. অনুচ্ছেদে কোন নীতির প্রতিফলন ঘটেছে?
ক) ক্ষমতার ভারসাম্য নীতি
খ) বিকেন্দ্রীকরণ নীতি
গ) ক্ষমতার স্বতন্ত্রীকরণ নীতি
ঘ) কেন্দ্রীয়করণ নীতি

২১. উক্ত নীতির ক্ষেত্রে বলা যায়—
i. প্রত্যক বিভাগ নিজ ক্ষেত্রে স্বাধীন
ii. স্বাধীন হলেও এক বিভাগ অন্য বিভাগের ওপর নির্ভরশীল
iii. বিভাগগুলো নিজ নিজ ক্ষেত্রে স্বাধীন নয়

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) ii ও iii
গ) i ও iii   ঘ) i, ii ও iii

২২. এক জাতি, এক দেশ, এক নেতা— কোন সরকারের আদর্শ?
ক) গণতান্ত্রিক
খ) রাজতন্ত্র
গ) অভিজাততন্ত্র
ঘ) একনায়কতান্ত্রিক

২৩. ★ নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগ পৃথক করা হয়?
ক) ১ সেপ্টেম্বর   খ) ১ অক্টোবর
গ) ১ নভেম্বর   ঘ) ১ ডিসেম্বর

২৪. এরিস্টটল সরকারের শ্রেণি বিভাগ কয়টি নীতি?
ক) ২   খ) ৩
গ) ৪   ঘ) ৫

২৫. সংসদীয় সরকারব্যবস্থায় নির্বাহী বিভাগের প্রধান কে?
ক) রাষ্ট্রপতি   খ) প্রধানমন্ত্রী
গ) প্রধান বিচারপতি   ঘ) স্পিকার

২৬. গণতান্ত্রিক শাসনব্যবস্থার মূল চালিকাশক্তি কারা?
ক) আমলাবৃন্দ   খ) সরকার
গ) সংসদ সদস্য   ঘ) জনগণ

২৭. প্রাচীন সমাজে কার নির্দেশ ছিল চূড়ান্ত?
ক) পিতা   খ) মাতা
গ) সন্তান   ঘ) দলপতি

২৮. ★ 'Kratein' কোন ভাষার শব্দ?
ক) ইংরেজি   খ) ফরাসি
গ) গ্রিক   ঘ) স্প্যানিশ

২৯. কোন চেতনা জাতীয়তার ধারণা সৃষ্টি করে?
ক) সামাজিক   খ) রাজনৈতিক
গ) অর্থনৈতিক   ঘ) ধর্মীয়

৩০. জাতি = জাতীয়তা + ——— সংগঠন?
ক) মনস্তাত্ত্বিক   খ) অর্থনৈতিক
গ) সামাজিক   ঘ) রাজনৈতিক

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ক | ৩ | ঘ | ৪ | খ | ৫ | গ | ৬ | গ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | গ |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ঘ |

https://teachingbd24.com